তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ১০ কলাম ৯

দৈনিক
জনকণ্ঠ

# যশোরে শিক্ষামন্ত্রীর গাড়ি আটকে বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের গাড়িবহর আটকে দিয়ে যশোরে বিক্ষোভ করে সড়ক অবরোধ করেছেন স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। বৃহস্পতিবার দুপুরে যশোর প্রেসক্লাবের সামনে মুজিব সড়কে কয়েক শ' শিক্ষক-কর্মচারী অবস্থান নিয়ে নন-এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত করার দাবিতে বিক্ষোভ করতে থাকেন। মন্ত্রী যশোর উপশহর ক্রীড়া উদ্যানে আয়োজিত ৪৬তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন শেষে সার্কিট হাউসে ফিরছিলেন। এ সময় রাস্তা আটকে রাখা শিক্ষকদের উদ্দেশে মন্ত্রী বলেন, অর্থ মন্ত্রণালয় থেকে অর্থছাড়সাপেক্ষে উদ্যোগ নেয়া হবে। এ সময় মন্ত্রীর সঙ্গে সচিব সোহরাব হোসেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. এসএম ওয়াহিদুজ্জামান, যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল আলীমসহ সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও যশোরের জেলা প্রশাসক উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রীর যশোর আগমনের খবর জানতে পেরে স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের দুই শতাধিক শিক্ষক-কর্মচারী সকাল সাড়ে ৯টার দিকে সার্কিট হাউসের কাছে প্রেসক্লাবের সামনে অবস্থান নেন। মন্ত্রী সকাল ৯টায় তার নির্ধারিত কর্মসূচী দেশের আটটি শিক্ষা বোর্ডের উদ্যোগে আয়োজিত ৪৬তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে অংশ নিতে বের হয়ে যান।

এরপর মন্ত্রীর ফিরে আসার জন্য মানববন্ধনসহকারে অপেক্ষায় থাকেন নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা। দুপুর ১২টার কিছু আগে মন্ত্রীর ফিরতি গাড়িবহর প্রেসক্লাবের সামনে পৌঁছলে শিক্ষকরা মানববন্ধন ছেড়ে সড়কের ওপর অবস্থান নেন। এ সময় শিক্ষকরা তাদের দাবির পক্ষে বিভিন্ন স্লোগান দিতে থাকেন। একপর্যায়ে শিক্ষকদের কেউ কেউ সড়কে শুয়ে পড়েন। দৃশ্যত বাধ্য হয়ে গাড়ি থেকে নামেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ সময় একজন নারী শিক্ষক ভিড় ঠেলে এগিয়ে মন্ত্রীর পা জাপটে ধরে কান্নাকাটি শুরু করেন।